# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২৩-২৪/ ১১৮২(১২৫০) তারিখঃ ২৬.১১.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ২১ নভেম্বর, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং-০৭ ও এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ১৭ নভেম্বর, ২০২২ এবং ২১ মার্চ, ২০২৩ নীতিমালার মাধ্যমে গঠিত কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক স্কিমের আওতায় ইতোমধ্যে প্রাণিসম্পদ খাতে কিছু কিছু ব্যাংক কর্তৃক বৃহদাংকের ঋণ/বিনিয়োগ প্রদান করা হয়েছে।

০৩। উপর্যুক্ত সার্কুলার লেটার মোতাবেক পুন:অর্থায়ন স্কিমটির আওতায় যাতে অধিক সংখ্যক প্রকৃত/প্রান্তিক কৃষক সুবিধা পায় সে লক্ষ্যে প্রাণিসম্পদ খাতে একজন গ্রাহকের অনুকূলে নতুন ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ২০ (বিশ) লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, এসিডি সার্কুলার লেটার নং-৩, তারিখঃ ২১ নভেম্বর, ২০২৩ এর সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারে উল্লিখিত অন্যান্য শর্ত/নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/১১/২০২৩
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২৩-২৪/ ১১৮২(১২৫০) তারিখঃ ২৬.১১.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

২৬/১১/২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

কৃষি ঋণ বিভাগ

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

০৬ অগ্রহায়ণ, ১৪৩০

তারিখঃ ------------------

২১ নভেম্বর, ২০২৩

এসিডি সার্কুলার লেটার নং -০৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-৭, তারিখ: ১৭/১১/২০২২ এবং এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ: ২১/০৩/২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত নীতিমালার মাধ্যমে গঠিত কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ইতোমধ্যে প্রাণিসম্পদ খাতে কিছু কিছু ব্যাংক কর্তৃক বৃহদাংকের ঋণ/বিনিয়োগ প্রদান করা হয়েছে।

এক্ষণে, পুনঃঅর্থায়ন স্কিমটির আওতায় যাতে অধিক সংখ্যক প্রকৃত/প্রান্তিক কৃষক সুবিধা পায় সে লক্ষ্যে প্রাণিসম্পদ খাতে একজন গ্রাহকের অনুকূলে নতুন ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ২০ (বিশ) লক্ষ টাকা নির্ধারণ করা হলো।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য শর্ত/নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(কানিজ ফাতেমা)
পরিচালক (এসিডি)
ফোনঃ ৯৫৩০১৩৮